ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৪২
অমরপুর,৫ আগস্ট,২০২৫

**অমরপুরে গোমতী নদীতে মাছের পোনা ছাড়া হয়েছে**

অমরপুর মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয়ের উদ্যোগে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনায় রিভার রেঞ্চিং কর্মসূচির অঙ্গ হিসেবে আজ অমরপুরের দশমীঘাট গোমতী নদীতে দেশীয় মাছের চারা পোনা ছাড়া হয়েছে। ৩০ হাজার মিশ্র দেশীয় মাছের পোনা ছেড়ে রিভার রেঞ্চিং কর্মসূচির সূচনা করেন বিধায়ক রঞ্জিত দাস। এছাড়া উপস্থিত ছিলেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অমরপুর বি.এ.সি.-র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, অমরপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, অমরপুর মহকুমার মহকুমা শাসক অনুপম চক্রবর্তী এবং মৎস্য তত্ত্বাবধায়ক অজয় দাস প্রমুখ।

বিধায়ক রঞ্জিত দাস রিভার রেঞ্চিং কর্মসূচির উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে জানান, নদীতে প্রাকৃতিকভাবে মাছচাষ করা, স্থানীয় জেলেদের জীবিকা নিশ্চিত করা, নদীর বাস্তুতন্ত্র ও খাদ্যচক্রের ভারসাম্য বজায় রাখার উদ্দেশ্যে এই কর্মসূচি নেওয়া হয়েছে। এছাড়া অমরপুর, নতুনবাজার ও লালগিরি এলাকায় উন্মুক্ত জলাশয়গুলিতেও এরকম কর্মসূচির অঙ্গ হিসেবে মিশ্র দেশীয় ২ লক্ষ ৮৭ হাজার মাছের পোনা ছাড়া হবে। এতে ব্যয় হবে ৮ লক্ষ ৬১ হাজার টাকা।

*****